দৈনিক
ইত্তেফাক

তারিখ ....12. AUG. 2015..
পৃষ্ঠা ...১৪... কলাম.... ২......

# কেন্দুয়ায় নষ্ট হচ্ছে পাবলিক লাইব্রেরির সহস্রাধিক বই

■ কেন্দুয়া (নেত্রকোনা) সংবাদদাতা

অযত্ন-অবহেলায় নষ্ট হচ্ছে নেত্রকোনার কেন্দুয়া উপজেলা পাবলিক লাইব্রেরির সহস্রাধিক মূল্যবান বই। নষ্ট হতে যাওয়া এসব বই ভবিষ্যতে সংগ্রহ করা খুবই দুরূহ হয়ে পড়বে বলে জানিয়েছেন সচেতন সংস্কৃতি কর্মীরা।

এদিকে দীর্ঘদিন ধরে উপজেলা পাবলিক লাইব্রেরির কোন কার্যক্রম না থাকায় ও ভাতা না পাওয়ায় লাইব্রেরীয়ান মতিউর রহমান চার বছর আগেই অন্যত্র চলে গেছেন। জানা গেছে, কেন্দুয়া উপজেলা পাবলিক হলের দুটি কক্ষে পাবলিক লাইব্রেরির কার্যক্রম চলে আসছিল। কিন্তু প্রায় ৪/৫ বছর পূর্বে নতুন ভবন নির্মাণের জন্য জরাজীর্ণ ওই পাবলিক হল ভবনটি ভেঙে ফেলায় লাইব্রেরির কার্যক্রমও একেবারে বন্ধ হয়ে যায়। এ সময় লাইব্রেরির সহস্রাধিক মূল্যবান বই সরিয়ে রাখা হয় উপজেলা পরিষদ চেয়ারম্যানের বাসভবনের একটি কক্ষে।

তখন থেকেই সঠিক যত্ন না থাকায় অযত্ন ও অবহেলায় ওই কক্ষে এসব বই নষ্ট হচ্ছে। এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও পাবলিক লাইব্রেরির সভাপতি মোহা. রুহুল আমিনের কাছে বই নষ্ট হওয়ার বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, পাবলিক লাইব্রেরির বই কোথায় আছে, তা আমি জানি না। তবে খুব তাড়াতাড়ি খোঁজ নিয়ে দেখব।